

Fair Fares NYC সুপারিশকৃত নথিপত্রের তালিকা

(Bengali)

Fair Fares-এর জন্য আবেদন করা খুবই সহজ, আপনাক কোনও নথিপত্র নাও জমা করতে হতে পারে! যদি আপনি করেন, তাহলে নিচের তালিকাটি আপনাকে সেই নথিপত্রগুলি বেছে নিতে সাহায্য করবে। যখন আপনি আপনার আবেদন সম্পূর্ণ করবেন তখন আপনাকে কি জমা করতে হবে তা আপনাকে অনলাইন আবেদনটি জানাবে।

■ আপনার **পরিচয়** এবং **বয়স** যাচাই করার জন্য, নিম্নলিখিতের মধ্যে যে কোনও **একটি** ব্যবহার করুন:

- সরকার দ্বারা জারি করা ফটো I.D. (যেমন NYS ID, IDNYC)
- যে কোনও স্টেটের ড্রাইভার্স লাইসেন্স
- যে কোনও দেশের পাসপোর্ট
- মেয়াদ উত্তীর্ণ সরকার দ্বারা জারি করা ফটো ID - 3 বছর পূর্বের পর্যন্ত
- US সামরিক ID
- ট্রাইবাল ID
- USCIS রেজিস্ট্রেশন কার্ড/পার্মানেন্ট রেসিডেন্ট কার্ড/গ্রিন কার্ড ন্যাচুরালাইজেশন সার্টিফিকেট
- দত্তক গ্রহণের কাগজপত্র
- বার্থ সার্টিফিকেট

দ্রষ্টব্য: অন্যান্য নথিপত্রও ব্যবহার করা যেতে পারে। আপনার নথিপত্রের মধ্যে আপনার নাম এবং জন্ম-তারিখ অবশ্যই থাকতে হবে।

■ আপনার বাসস্থান যাচাই করা জন্য গত 90 দিনের বিল, বিবৃতি অথবা সরকার দ্বারা জারি করা পত্র ব্যবহার করুন:

- কেবিল, ফোন অথবা ইউটিলিটি বিল
- নিউ ইয়র্ক সিটিতে আবাসনের জন্য আপনার নামে যে কোনও ইজারা
- যুক্তরাষ্ট্রের পোস্টাল সার্ভিস (United States Postal Service, USPS) ঠিকানা পরিবর্তনের নিশ্চিতকরণ
- ভাড়ার বিল
- ব্যাঙ্কের বিবৃতি
- বীমার বিল (স্বাস্থ্য, বাড়িরমিলক, ভাড়াটে, জীবন অথবা অটোমোবাইল বীমা)
- ক্রেডিট কার্ড বিল অথবা বিবৃতি

দ্রষ্টব্য: গত 90 দিনের মধ্যে আবাস প্রমাণকারী অন্য নথিপত্রও ব্যবহার করা যেতে পারে।

(পরের পাতায় যান)

■ আপনার করযোগ্য পারিবারিক আয় যাচাই করার জন্য নিম্নলিখিতগুলি ব্যবহার করুন:

- গত বছরের ইন্টারনাল রেভিনিউ সার্ভিস (Internal Revenue Service, IRS) ফর্ম 1040-এর সমস্ত পৃষ্ঠা

অথবা আপনার জন্য এবং পরিবারের প্রত্যেকটি সদস্যের জন্য যে সমস্ত প্রযোজ্য তা ব্যবহার করুন:

- NYS অক্ষমতা সুবিধা: অ্যাওয়ার্ড পত্র বা চেক স্টাব
- পেনশন/অবসর সুবিধা: বিবৃতি অথবা চেক স্টাব
- SSI/SSA সুবিধা: SSA-এর পক্ষ থেকে বর্তমান অ্যাওয়ার্ড সার্টিফিকেট/পত্র অথবা বর্তমান বেনিফিট চেক
- বেকারত্ব বীমা সুবিধা: নিউ ইয়র্ক স্টেট শ্রম বিভাগের থেকে বর্তমান অ্যাওয়ার্ড সার্টিফিকেট অথবা আধিকারিক পত্রাবলি
- ভাড়াটের থেকে পেমেন্টের প্রমাণ (চেক/মানি অর্ডারের প্রতিলিপি) অথবা গৃহীত ভাড়ার আয়ের লিখিত বিবৃতি
- শেষ 30 দিনের জন্য সমস্ত পেস্টাব
- নিয়োগকর্তার পত্র - গত 30 দিনের জন্য মোট আয় সহ স্বাক্ষরিত এবং তারিখ সহ; নিয়োগকর্তার নাম, ঠিকানা, এবং ফোন নম্বর সহ
- আপনার পে আপনার অ্যাকাউন্ট জমা করা হলে ব্যালেন্সের বিবৃতি
- স্ব-নিযুক্ত: ব্যবসায়িক রেকর্ড অথবা ট্যাক্স রেকর্ড
- যদি উপরোক্তের মধ্যে কোনওটিই লভ্য না থাকে আপনার পক্ষ থেকে পত্র প্রদান করুন - গত 30 দিনের জন্য মোট আয় সহ স্বাক্ষরিত এবং তারিখ সহ; আয়ের বিবরণ সহ

দ্রষ্টব্য: আপনার গণনায় অথবা আপনার আবেদনে অথবা নথিপত্রের সাথে শিশু সহায়তা অন্তর্ভুক্ত করবেন না।

এই বিজ্ঞপ্তি সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থেকে থাকলে অনুগ্রহ করে 311 নম্বরে আমাদের ফোন করুন।

Fair Fares NYC প্রকল্প সম্পর্কে আরও তথ্যের জন্য আপনি nyc.gov/fairfares দেখতে পাবেন।